

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www. mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.২৪.৮০

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৩ মে ২০২৬

বিষয়: মে ২০২৬ মাসের ওএমএস (টিসিবি) খাতে চালের বরাদ্দ প্রদান।

সূত্র: বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং ২৬.০০.০০০০.০০০.১১৩.৯৯.০০০৩.২৩.১২১; তারিখঃ ২৭ এপ্রিল ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওএমএস (টিসিবি) কার্যক্রমের আওতায় ৭১,২০,০০০ (একাত্তর লক্ষ বিশ হাজার) টি টিসিবি কার্ডধারী উপকারভোগী পরিবারের নিকট বিক্রয়ের লক্ষ্যে মে ২০২৬ মাসে পরিবার প্রতি ০৫ (পাঁচ) কেজি হিসেবে মোট ৩৫,৬০০.০০ (পঁয়ত্রিশ হাজার ছয়শত) মে. টন চাল নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

শর্তসমূহ:

- খাদ্য মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী চাল বিতরণ কার্যক্রম পরিচালনা করা;
- জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/টিসিবি'র যুগ্ম পরিচালক/আঞ্চলিক প্রধান, ঢাকা থেকে প্রাপ্ত চাহিদা মোতাবেক এই চালের বিভাজনপূর্বক উপ-বরাদ্দ প্রদান করতে হবে। উপ-বরাদ্দ প্রদানের জি.ও. খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করা;
- মে ২০২৬ মাসের জন্য বরাদ্দকৃত চাল **২১ মে ২০২৬ তারিখের মধ্যেই** খাদ্য গুদাম হতে উত্তোলন করা;
- এপ্রিল ২০২৬ মাসে বিতরণ/বিক্রয়কৃত এবং অনুত্তোলিত/অবিতরণকৃত চালের উপকারভোগীদের জেলা/উপজেলা অনুযায়ী বিভাজন টিসিবি/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট থেকে সংগ্রহপূর্বক **১৮ মে ২০২৬ তারিখের মধ্যে** খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা;
- নির্ধারিত সময়ের মধ্যে গুদাম হতে চাল উত্তোলনের ব্যবস্থাসহ সংশ্লিষ্ট সকলকে পূর্ববর্তী মাসের চাল পরবর্তী মাসে উত্তোলনের প্রস্তাব প্রেরণ না করার বিষয়ে নির্দেশনা প্রদান; এবং
- প্রতি মাসের ২০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে পরবর্তী মাসের চাহিদা প্রেরণ করা।

০২। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৩-০৫-২০২৬

জয়নাল মোল্লা

উপসচিব

ফোন : +৮৮০২৯৫১৪৬১৬

ফ্যাক্স : +৮৮০২৯৫১৪৬৭৮

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।

চলমান পাতা - ১/২

২০ বৈশাখ ১৪৩৩

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.২৪.৮০/১ (৮)

তারিখ: ০৩ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব (রপটিন দায়িত্ব), সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।
- ২। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)।
- ৩। অতিরিক্ত সচিব, সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়।
- ৪। যুগ্মসচিব, সরবরাহ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।
- ৭। মাননীয় প্রতিমন্ত্রী একান্ত সচিব, প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
- ৮। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।



(Signature)

০৩-০৫-২০২৬

জয়নাল মোল্লা

উপসচিব

চলমান পাতা - ২/২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
<https://dgfood.gov.bd>

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১১ মে ২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৫২.৫৭.০০০৪.২৩.৪৫৮

বিষয়: মে ২০২৬ মাসের ওএমএস (টিসিবি) খাতে চালের বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্রটি নির্দেশক্রমে পৃষ্ঠাংকন করা হলো।

১১-০৫-২০২৬
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।
- ২। প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক এর দপ্তর, ঢাকা রেশনিং, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৫২.৫৭.০০০৪.২৩.৪৫৮/১ (৭)

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১১ মে ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। উপসচিব, সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),।
- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।



AF

১১-০৫-২০২৬
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক